-৪৫৮-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট

এবং

সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৮ - জুন ৩০, ২০১৯

# সূচিপত্র

**উপক্রমণিকা**

কর্মসম্পাদনের সার্বিক চিত্র

সেকশন ১: রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী

সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্যভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

সংযোজনী ১: শব্দসংক্ষেপ

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা

৪৫৬

# বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিটের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of
Compulsory Primary Education Implementation Monitoring Unit)

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা:

### সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

রূপকল্প ২০২১ এবং টেকসই উন্নয়নের অভিষ্ট লক্ষ অর্জনের নিমিত্তে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষন ইউনিট কর্তৃক ২২৯৮৩টি এমপিওভুক্ত আরপিএস ও ৫৪৯টি এমপিওভুক্ত সিপিএস বিদ্যালয়ের প্রায় ৯৪০০০ জন শিক্ষকের এমপিওশীট ও তথ্যাদি যাচাই-বাছাইপূর্বক ১ম ধাপে জাতীয়করণের নিমিত্ত গেজেটভুক্তির জন্য প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণপূর্বক জাতীয়করণের আদেশ গেজেট আকারে প্রকাশ করা হয়েছে। জাতীয়করণের ধারাবাহিকতায় উদ্ভুত ৪২৮টি রীট মামলার মধ্যে মোট ১৮০টি মামলা নিষ্পত্তি করা হয়েছে। অত্র ইউনিটের কর্মকর্তাগণ কর্তৃক নিয়মিত পরিদর্শন ও মনিটরিং এর মাধ্যমে আরপিএস, সিপিএস বিদ্যালয়সমূহের সমাপনী পরীক্ষার পাশের হার ৯৮% এ উন্নীতকরণে সহায়তা করা হয়েছে। নিয়মিত মনিটরিং এর মাধ্যমে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন কার্যক্রম এর অংশ হিসেবে বিদ্যালয়ে উপস্থিতির হার বৃদ্ধি ও ঝরে পড়ার হার উল্লেখযোগ্যভাবে হ্রাস করা সম্ভব হয়েছে। বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের অবসরগ্রহণকারী ৪১০৬ জন শিক্ষককে কল্যাণ ট্রাস্ট থেকে আর্থিক অনুদান প্রদান করা হয়েছে। অবসরগ্রহণকারী শিক্ষকদের অবসর ভাতা প্রদান কার্যক্রম শেষ পর্যায়ে আছে। এ ইউনিট সফলভাবে শিক্ষক কল্যান ট্রাস্টি বোর্ডের মাধ্যমে এ কার্যক্রম সম্পন্ন করছে। বিগত তিন বছরে এ ইউনিটের কর্মকর্তাগণ কর্তৃক **১০১৫** বিদ্যালয় পরিদর্শন করে বিদ্যালয়ের শিক্ষার মানোন্নয়ন ও শৃঙ্খলা ফিরিয়ে আনায় অবদান রাখা হয়েছে।

### সমস্যা এবং চ্যালেঞ্জসমুহ:

ইউনিটের নিজস্ব কোন ভবন না থাকাতে ১৯৯১ সাল থেকে শিক্ষা ভবনের পুরাতন ব্লকের ৫ম তলার এক অংশের মাত্র ১০টি কক্ষে ৫৫ জন কর্মকর্তা-কর্মচারীকে দাপ্তরিক কাজ সম্পন্ন করতে হয়। তন্মধ্যে ১টি কক্ষে বেসরকারী প্রাথমিক শিক্ষক কল্যাণ ট্রাস্টের কাজও সম্পন্ন হয়ে থাকে। ইউনিটের মাঠপর্যায়ে কোন দপ্তর/সরাসরি কোন প্রতিনিধি না থাকায় যথাসময়ে তথ্য উপাত্ত না পাওয়ায় মনিটরিং কার্যক্রমে বিঘ্ন ঘটে। বেসরকারী প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণের পর বিদ্যালয় ও শিক্ষক নিয়োগ সংক্রান্ত বিষয়ে তিন শতাধিক মামলা/রীট মামলা দায়ের হয়েছে। ইউনিটের নিজস্ব কোন আইন কর্মকর্তা না থাকায় মামলা পরিচালনার ক্ষেত্রে মারাত্মক সমস্যার সৃষ্টি হচ্ছে। প্রোগ্রামারের পদটি প্রায় ৬ বছর যাবৎ শূন্য থাকাতে তথ্য উপাত্তসমূহ ডাটাবেজ সংরক্ষণ এবং ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করতে অসুবিধা সৃষ্টি হচ্ছে। বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিটের কর্মকর্তা-কর্মচারীগণকে প্রশিক্ষণের মাধ্যমে শক্তিশালীকরণ প্রয়োজন।

### ভবিষ্যৎ পরিকল্পনাঃ

মানসম্মত প্রাথমিক শিক্ষা বাস্তবায়নের লক্ষ্য অর্জনের স্বার্থে মাঠ পর্যায়ের জেলা/উপজেলা শিক্ষা দপ্তরসহ প্রায় ৬৭ হাজার সরকারি প্রাথমিক বিদ্যালয়কে এ ইউনিট কর্তৃক নিয়মিত পরিদর্শনের মাধ্যমে প্রশাসনিক, আর্থিক শৃঙ্খলা ও জবাবদিহির আওতায় আনায়নের লক্ষ্যে চলমান কাজ বেগবান করা হবে। রেজিস্টার্ড বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের মধ্যে অবসর, পদত্যাগী ও মৃত্যুবরণকারী শিক্ষকদের পরিবারকে এককালীন আর্থিক প্রদান কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে যারা এখন পর্যন্ত এককালীন আর্থিক সুবিধা প্রাপ্তির জন্য আবেদন করেননি তাদের ৩০ জুন, ২০১৮ তারিখের মধ্যে আবেদনের সুবিধা প্রাপ্তির জন্য গ্রহণ করার পর তা ২০১৮-২০১৯ অর্থ বছরের নিষ্পত্তি করা হবে।

### ২০১৮-২০১৯অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ

- ইউনিটের কর্মকর্তাগণ কর্তৃক ৩৭৫ বিদ্যালয় সরেজমিনে পরিদর্শনপূর্বক বিদ্যালয়ে শিক্ষার্থীদের উপস্থিতির হার বৃদ্ধি, ঝরে পড়া রোধ ও মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ;
- মামলা/অন্যান্য প্রশাসনিক কারণে যে সকল বিদ্যালয়/শিক্ষক জাতীয়করণ হতে বাদ পড়েছেন তা পুন: যাচাই-বাছাই করে জাতীয়করণের আওতায় আনয়নের ব্যাপারে সুপারিশ প্রেরণ।

# উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প-২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট

এবং

সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০১৮ সালের জুন মাসের ২০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হ'ল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ

## সেকশন ১

রূপকল্প (Vision), অভিলক্ষ্য(Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) এবং কার্যাবলি (Functions) :

### ১.১ রূপকল্প:

সবার জন্য মানসম্মত একীভূত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ।

### ১.২ অভিলক্ষ্য:

শিক্ষার গুণগতমান উন্নয়ন ও সুযোগ সম্প্রসারণের মাধ্যমে সবার জন্য মানসম্মত একীভূত প্রাথমিক ও মৌলিক শিক্ষা নিশ্চিতকরণ।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) :

#### ১.৩.১ দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ

১) পরিদর্শন ও মনিটরিং কার্যক্রম জোরদারকরণের মাধ্যমে মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ।

#### ১.৩.২ বাধ্যতামূলক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ;

২) কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন;

৩) আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন;

৪) জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ।

### ১.৪ কার্যাবলি (Functions):

১) বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কার্যক্রম বাস্তবায়ন মনিটরিং;

২) বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়নে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়কে সার্বিক সহায়তা প্রদান;

৩) সাবেক বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের মৃত্যুবরণকারী/অবসরগ্রহণকারী শিক্ষকগণের এককালীন আর্থিক অবসরভাতা প্রদান;

৪) প্রাথমিক বিদ্যালয়সমুহ নিয়মিত পরিদর্শনপূর্বক মন্ত্রণালয় ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরকে প্রয়োজনীয় সুপারিশ প্রদান;

৫) সাবেক এমপিওভূক্ত রেজিস্টার্ড বেসরকারী প্রাথমিক বিদ্যালয় এবং কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়সমূহের শিক্ষকগণ কর্তৃক দায়েরকৃত মামলায় সরকারের পক্ষে প্রতিদ্বন্ধিতা করা;

## সেকশন ২

### বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিটের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicators) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা ২০১৮-১৯ | প্রক্ষেপন (Projection) | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র [Source of data] |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮* | | **২০১৯-২০** | **২০২০-২১** | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| উপস্থিতির হার বৃদ্ধি, ঝরে পড়া হ্রাস ও প্রাথমিক শিক্ষার গুনগত মান বৃদ্ধি। | পরিদর্শিত প্রতিষ্ঠানসমূহ | সংখ্যা | ২০৫ | ৩৬০ | ৩৭৫ | ৩৯৫ | ৪১০ | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিটের মাসিক/বার্ষিক প্রতিবেদন |

-৮৪-

# সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্যভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক মান,২০১৮-১৯ (Target/Criteria Value for FY 2018-19) | | | | | প্রক্ষেপন (Projection) ২০১৯-২০ | প্রক্ষেপন (Projection) ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮* | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| **বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিটের কৌশলগত উদ্দেশ্যেসমূহ** | | | | | | | | | | | | | | |
| পরিদর্শন ও মনিটরিং কার্যক্রম জোরদারকরণ | ৭৫ | বিদ্যালয় পরিদর্শন | পরিদর্শিত বিদ্যালয় | সংখ্যা | ৬০ | ২৫০ | ২৯৫ | ৩৫৫ | ৩৩০ | ৩১০ | ২৯০ | ২৭৫ | ৩৬৫ | ৩৮৫ |
| | | উপজেলা শিক্ষা অফিস/রিসোর্স সেন্টার পরিদর্শন | পরিদর্শিত অফিস | সংখ্যা | ১০ | ০০ | ১৫ | ১৫ | ১৪ | ১২ | ১০ | ০৮ | ২০ | ২০ |
| | | জেলা প্রাথমিক শিক্ষা অফিস পরিদর্শন | পরিদর্শিত অফিস | সংখ্যা | ০৫ | ০০ | ১০ | ০৫ | ০৪ | ০৩ | ০২ | ০১ | ০৫ | ০৫ |

## বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ (২০১৮-১৯)
### (মোট নম্বর-২৫)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রার মান - ২০১৭-১৮ | | | | |
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | অসাধারণ (Excellent) ১০০% | অতি উত্তম (Very Good) ৯০% | উত্তম (Good) ৮০% | চলতি মান (Fair) ৭০% | চলতি মানের নিম্নে (Poor) ৬০% |
| বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | মাঠ পর্যায়ের কার্যালয়ের সংগে ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর ওয়েবসাইটে আপলোড | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ০.৫ | ২০ জুন, ২০১৮ | ২১ জুন, ২০১৮ | ২৪ জুন, ২০১৮ | - | - |
| | | ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে দাখিল | মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ০.৫ | ১৭ জানুয়ারি, ২০১৯ | ২০ জানুয়ারি, ২০১৯ | ২১ জানুয়ারি, ২০১৯ | ২২ জানুয়ারি, ২০১৯ | ২৩ জানুয়ারি, ২০১৯ |
| | | মাঠ পর্যায়ের কার্যালয়ের ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনান্তে ফলাবর্তক (feedback) মন্ত্রণালয়/বিভাগ | ফলাবর্তক (feedback) প্রদত্ত | তারিখ | ১ | ২৪ জানুয়ারি, ২০১৯ | ৩১ জানুয়ারি, ২০১৯ | ০৪ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ |
| | | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতিসহ অন্যান্য বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | আয়োজিত প্রশিক্ষণের সময় | জনঘন্টা* | ১ | ৬০ | - | - | - | - |
| কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ১০ | ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃত | % | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫৫ | ৫০ |
| | | | ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত** | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | | ই-ফাইলে পত্র জারীকৃত*** | % | ১ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ |
| | | দপ্তর/সংস্থা কর্তৃক অনলাইন সেবা চালু করা | ন্যূনতম একটি নতুন ই-সার্ভিস চালুকৃত | তারিখ | ১ | ১০ জানুয়ারি, ২০১৯ | ২৪ জানুয়ারি, ২০১৯ | ২৮ জানুয়ারি, ২০১৯ | ৩১ মার্চ, ২০১৯ | ৩০ এপ্রিল, ২০১৯ |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রার মান - ২০১৭-১৮ | | | | |
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | অসাধারণ (Excellent) ১০০% | অতি উত্তম (Very Good) ৯০% | উত্তম (Good) ৮০% | চলতি মান (Fair) ৭০% | চলতি মানের নিম্নে (Poor) ৬০% |
| | | দপ্তর/সংস্থা ও অধীনস্ত কার্যালয়সমূহের উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) বাস্তবায়ন | উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) সমূহের হালনাগাদকৃত ডাটাবেজ ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৪ মার্চ, ২০১৯ |
| | | | ডাটাবেজ অনুযায়ী ন্যূনতম দু'টি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | ১ | ০৮ এপ্রিল, ২০১৯ | ২২ এপ্রিল, ২০১৯ | ০২ মে, ২০১৯ | ১৬ মে, ২০১৯ | ৩০ মে, ২০১৯ |
| | | সিটিজেন্স চার্টার বাস্তবায়ন | হালনাগাদকৃত সিটিজেন্স চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |
| | | | সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | % | ০.৫ | ৩১ ডিসেম্বর, ২০১৮ | ১৫ জানুয়ারি, ২০১৯ | ০৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি, ২০১৯ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তিকৃত | % | ০.৫ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | ৫০ |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারি করা | পিআরএল আদেশ জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | ছুটি নগদায়নপত্র জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৯ | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | ত্রিপক্ষীয় সভায় অডিট আপত্তি নিষ্পত্তির জন্য সুপারিশকৃত | % | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | স্থাবর/অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৪ মার্চ, ২০১৯ |
| | | | অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৪ মার্চ, ২০১৯ |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান - ২০১৭-১৮ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) ১০০% | অতি উত্তম (Very Good) ৯০% | উত্তম (Good) ৮০% | চলতি মান (Fair) ৭০% | চলতি মানের নিম্নে (Poor) ৬০% |
| | | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | অব্যবহৃত/অকেজো যানবাহন বিদ্যমান নীতিমালা অনুযায়ী নিষ্পত্তিকরণ | নিষ্পত্তিকৃত | % | ১ | [illegible] | - | - | - | - |
| | | বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করা | বিদ্যুৎ বিল পরিশোধিত | % | ১ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | শুন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান | নিয়োগ প্রদানকৃত | সংখ্যা | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | ৪০ |
| জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো বাস্তবায়ন **** | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| | | | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোয় অন্তর্ভূক্ত লক্ষ্যমাত্রা বাস্তবায়িত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | সকল অনলাইন সেবা তথ্য বাতায়নে সংযোজিত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | তথ্য বাতায়ন হালনাগাদনকৃত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | দপ্তর/সংস্থার ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ | বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫ | ১৮ অক্টোবর, ২০১৮ | ৩১ অক্টোবর, ২০১৮ | ১৫ নভেম্বর, ২০১৮ | ২৯ নভেম্বর, ২০১৮ | ০৬ ডিসেম্বর, ২০১৮ |

* জনপ্রশাসন প্রক্ষিণ ম্যানুয়াল অনুযায়ী উক্ত প্রক্ষিণ আয়োজন করতে হবে।

** মন্ত্রিপরিষদ বিভাগের ই-গর্ভন্যান্স অধিশাখা হতে প্রাপ্ত প্রতিবেদন।

*** মন্ত্রিপরিষদ বিভাগের ই-গর্ভন্যান্স অধিশাখা হতে প্রাপ্ত প্রতিবেদন।

**** মন্ত্রিপরিষদ বিভাগের শুদ্ধাচার অধিশাখা হতে প্রাপ্ত প্রতিবেদন।

৪৭৮

আমি মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এর প্রতিনিধি হিসাবে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিটের মহাপরিচালকের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিতঃ

| | |
|---|---|
| মহাপরিচালক | ২০/০৬/২০১৮ |
| বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা<br>বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট | তারিখ |
| সচিব | ২০.০৬.১৮ |
| প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | তারিখ |

সংযোজনী-১

## শব্দসংক্ষেপ
## (Acronyms)

| ক্রমিক নং | আদ্যক্ষর | বর্ণনা |
|---|---|---|
| ১. | প্রাগম | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় |
| ২. | এমপিও | মান্থলি পে অর্ডার (Monthly Pay Order) |
| ৩. | আরপিএস | রেজিস্টার্ড প্রাইমারী স্কুল |
| ৪. | সিপিএস | কমিউনিটি প্রাইমারী স্কুল |
| ৫. | ইউইও | উপজেলা এডুকেশন অফিসার |
| ৬. | ডিপিইও | ডিস্ট্রিক্ট প্রাইমারী এডুকেশন অফিসার |
| ৭. | বাপ্রাশি | বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা |
| ৮. | সিপিই | কমপালসারি প্রাইমারী এডুকেশন |
| ৯. | এসআইপি (SIP) | স্মল ইমপ্রুভমেন্ট প্রজেক্ট (Small Improvement Project) |

## সংযোজনী-২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| ক্রমিক নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | বিদ্যালয় পরিদর্শন | পরিদর্শিত বিদ্যালয় | ইউনিটের কর্মকর্তাগণ কর্তৃক সরেজমিনে বিদ্যালয় পরিদর্শনপূর্বক কর্তৃপক্ষের বরাবরে সুপারিশ প্রদান | বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট | পরিদর্শন প্রতিবেদনের সংখ্যা<br><br>বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিটের মাসিক/বার্ষিক প্রতিবেদন | |
| ২. | ইউইও অফিস পরিদর্শন | পরিদর্শিত অফিস | ইউনিটের কর্মকর্তাগণ কর্তৃক সরেজমিনে ইউইও অফিস পরিদর্শনপূর্বক কর্তৃপক্ষের বরাবরে সুপারিশ প্রদান | বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট | পরিদর্শন প্রতিবেদনের সংখ্যা<br><br>বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিটের মাসিক/বার্ষিক প্রতিবেদন | |
| ৩. | ডিপিইও অফিস পরিদর্শন | পরিদর্শিত অফিস | ইউনিটের কর্মকর্তাগণ কর্তৃক সরেজমিনে ডিপিইও অফিস পরিদর্শনপূর্বক কর্তৃপক্ষের বরাবরে সুপারিশ প্রদান | বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট | পরিদর্শন প্রতিবেদনের সংখ্যা<br><br>বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিটের মাসিক/ বার্ষিক প্রতিবেদন | |

## সংযোজনী ৩ : অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| অর্থ বিভাগ | - | - | - | - | - |
| | - | - | - | - | - |